গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-২).৩২৩৩

তারিখ : ০১ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৭ অক্টোবর ২০২৩ খ্রি.

## সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে ২০২৪ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা মহানগরীসহ সারাদেশের সকল (জাতীয়করণসহ) সরকারি মাধ্যমিক বিদ্যাল য়ে ২০২৪ শিক্ষাবর্ষে বিভিন্ন শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে বিদ্যালয় হতে কোনো ভর্তি ফরম বিতরণ করা হবে না। ভর্তির আবেদন শুধুমাত্র অন-লাইনে **https://gsa.teletalk.com.bd** এই ঠিকানায় পাওয়া যাবে। অন-লাইনে আবেদন গ্রহণের প্রক্রিয়া **২৪/১০/২০২৩ খ্রি. সকাল ১১:০০ টা হতে শুরু হয়ে ১৪/১১/২০২৩ খ্রি. বিকাল ০৫:০০ টা পর্যন্ত চলমান থাকবে।** ২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির আবেদন ফি ১১০/- (একশত দশ) টাকা নির্ধারণ করা হয়েছে যা শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল হতে SMS এর মাধ্যমে প্রদান করা যাবে।

সারাদেশে আবেদনকারীরা আবেদনের সময় প্রতিষ্ঠান নির্বাচনকালে থানাভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা পাবে। এক্ষেত্রে প্রার্থীগণ প্রাপ্যতার ভিত্তিতে প্রতিটি আবেদনে সর্বোচ্চ ৫টি বিদ্যালয় পছন্দের ক্রমানুসারে নির্বাচন করতে পারবে। ডাবল শিফট প্রতিষ্ঠানের ক্ষেত্রে উভয় শিফট পছন্দ করলে দুটি পছন্দক্রম সম্পন্ন হয়েছে বলে বিবেচিত হবে। একই পছন্দক্রমের বিদ্যালয় কিংবা শিফট দ্বিতীয় বার পছন্দ করা যাবে না। **২০২৪ শিক্ষাবর্ষে কেন্দ্রীয় পর্যায়ে অনুষ্ঠেয় ডিজিটাল দৈবচয়ন প্রক্রিয়ার কার্যক্রমে সারাদেশের সকল (জাতীয়করণসহ) সরকারি মাধ্যমিক বিদ্যালয়কে অংশগ্রহণ করতে হবে। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে দৈবচয়নের মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া নিষ্পন্ন করা ব্যতিত অন্য কোন পরীক্ষা গ্রহণ করা যাবে না। জাতীয় শিক্ষানীতি-২০১০ ও সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা অনুযায়ী ২০২৪ শিক্ষাবর্ষে ১ম শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স ৬+ বছর নির্ধারিত হবে।**

এছাড়া, সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক/শিক্ষিকা/কর্মচারীগণের ভর্তির উপযুক্ত সন্তান সংখ্যার সমসংখ্যক আসন ঐ প্রতিষ্ঠানে সংরক্ষিত থাকবে। এক্ষেত্রে তাঁদের অন-লাইনে আবেদন করার প্রয়োজন নেই। উল্লেখ্য, শিক্ষক/শিক্ষিকা/কর্মচারী সরকারি মাধ্যমিক বালক বিদ্যালয়ে কর্মরত থাকলে এবং তাঁর ভর্তি উপযুক্ত সন্তান বালিকা হলে নিকটতম সরকারি বালিকা বিদ্যালয়ে আসন সংরক্ষিত রাখতে হবে। একইভাবে শিক্ষক/শিক্ষিকা/কর্মচারী সরকারি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে কর্মরত থাকলে এবং তাঁর ভর্তি উপযুক্ত সন্তান বালক হলে নিকটতম সরকারি বালক বিদ্যালয়ে আসন সংরক্ষিত রাখতে হবে।

সারাদেশের সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়ার তারিখ, সময় ও স্থান পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে। অন-লাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলী **www.dshe.gov.bd** এর **secondary circular/order** ও **www.teletalk.com.bd** ওয়েবসাইট হতে জানা যাবে।

১৭.১০.২০২৩

(মোহাম্মদ আজিজ উদ্দিন)
উপপরিচালক (মাধ্যমিক)
ও
সদস্য সচিব
ঢাকা মহানগরী সরকারি মাধ্যমিক
বিদ্যালয় ভর্তি কমিটি
ফোন : ০২-৪১০৫০২৮৩
dd-sec@dshe.gov.bd

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

# সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে ২০২৪ শিক্ষাবর্ষে অন-লাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী

**বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন ২০২৪ শিক্ষাবর্ষে বিভাগীয় শহর, জেলা ও উপজেলা পর্যায়ে অবস্থিত সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে Web ও SMS এর মাধ্যমে ভর্তির আবেদনপত্র পূরণ ও ফি প্রদান সংক্রান্ত নিয়মাবলী।**

**০১। আবেদন ফরম পূরণ:** ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী https://gsa.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ ও Teletalk Pre-paid Mobile নম্বর হতে SMS এর মাধ্যমে আবেদন ফি প্রদান করে ভর্তির আবেদনের কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।

**০২। আবেদন দাখিলের সময়সীমা:**

i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ: ২৪/১০/২০২৩ খ্রি. সকাল ১১:০০ টা।

ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: ১৪/১১/২০২৩ খ্রি. বিকাল ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit করে User ID পাবেন। প্রাপ্ত User ID ব্যবহার করে Teletalk Pre-paid Mobile নম্বর হতে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অর্থাৎ ১৪/১১/২০২৩ খ্রি. বিকাল ০৫:০০ টার মধ্যে যে সকল শিক্ষার্থী আবেদন করে User ID পেয়েছেন সে সকল শিক্ষার্থীগণ ১৪/১১/২০২৩ দিবাগত রাত ১২:০০ মিনিট পর্যন্ত আবেদন ফি জমা দিতে পারবেন।

**☐ Web Application Form পূরণ এর নিয়মাবলী:**

১। https://gsa.teletalk.com.bd ওয়েবসাইটে Browse করে আবেদনপত্র পূরণ ও Submit করতে পারবেন।

২। Online-এ আবেদনপত্রের নির্দেশনা মতে প্রার্থী তার সকল তথ্য পূরণ করবেন। যে সকল প্রার্থী বিভিন্ন কোটায় আবেদন করবেন তাদের প্রয়োজ্য কোটার বক্সে অবশ্যই টিক (✓) চিহ্ন দিতে হবে। অন্যথায় কোটা বিবেচনা করা সম্ভব হবে না।

৩। Online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে JPEG ফরমেটে নির্ধারিত স্থানে Upload করবেন।

৪। Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID- সহ ছবি Applicant's copy পাবেন।

৫। প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট অথবা Download কপি ভর্তি সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

৬। Online-এ আবেদনপত্রে সরবরাহকৃত বাছাইকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার পূর্বেই সরবরাহকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

**☐ SMS এর মাধ্যমে আবেদন ফি প্রদানের নিয়মাবলী:**

১। Applicant's কপিতে প্রাপ্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বর হতে ০২(দুই) টি SMS করে আবেদন ফি বাবদ প্রতিটি Application এর জন্য ১১০/- টাকা জমা দিবেন।

২। প্রথম SMS: GSA<space>User ID (Web Application হতে প্রাপ্ত) লিখে Send করতে হবে 16222 নম্বরে

উদাহরণ: GSA<space>ABCDEF লিখে Send করতে হবে 16222 নম্বরে।

*ফিরতি SMS এ শিক্ষার্থীর নামসহ একটি PIN নম্বর পাওয়া যাবে। যা ব্যবহার করে দ্বিতীয় SMS-টি করতে হবে।

৩। দ্বিতীয় SMS: GSA<space>YES<space>PIN (প্রথম SMS হতে প্রাপ্ত) লিখে Send করতে হবে 16222 নম্বরে।

উদাহরণ : GSA<space>yes<space>123456 লিখে Send করতে হবে 16222 নম্বরে।

CamScanner